দামুড়হুদা ডুগডুগী সংখ্যালঘু সম্প্রদায়ের সাথে আলোচনা ও মতবিনিময় সভা

দেশের চলমান অস্থিতিশীল পরিবেশে সংখালঘুদের নিরাপদে রাখতে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন বিএনপি’র আয়জনে ডুগডুগি গ্রামে সংখ্যালঘু সম্প্রদায়ের সাথে আলোচনা ও মতবিনিময় সভায় সৌজন্য সাক্ষাৎ করলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

গতকাল শুক্রবার রাত ৮টার দিকে ডুগডুগি পূজা মন্ডপ চত্বরে সমস্ত হিন্দু সম্প্রদায়ের মানুষের সাথে আলোচনা ও মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আমরা গনতন্ত্র চাই, কিন্তু সেই গনতন্ত্র ছিলনা বলেই তার জের ধরে শেখ হাসিনার পদত্যাগের করনে দেশের মানুষ স্বস্তিতে নিঃস্বাস নিচ্ছে। বর্তমান দেশের চলমান পরিস্থিতিতে সংখ্যালঘুদের নিরাপদে রাখতে আমাদের কেন্দ্রীয় নির্দেশনা রয়েছে। কেউ যেনো বর্তমান পরিস্থিতিতে আপনাদের যেনো কোন রকম কোন অসুবিধা না হয়, সেদিকটা আমরা বিএনপি গুরুত্ব দিয়ে আপনাদের সাথে আছি। আপনারা কোন ভয় পাবেনা। আপনাদের জন্য আমরা সব সময় আছি। কোন সমস্যা মনে হলে আমাদের জানাবেন। হিন্দু পারার রাস্তার নাজেহাল অবস্থা দেখে তিনি বলেন, যদি আমর সরকার কখনো ক্ষমতায় আসে তাহলে আমি এই হিন্দু পারায় পিচ রাস্তা করে দেবো ইনশাআল্লাহ। ১৭/১৮ বছর আগে এই হিন্দু পারায় রাস্তা হয়েছিল। তা আর নতুন হয়নি। আমার সরকার ক্ষমতায় আসলে নতুন হবে। আপনারা কেউ হতাস, নিরাশ ভয় ভীতি পোষণ করবেন না। মনখুলে চলবেন। মনে রাখবেন এদেশে আপনার আমার আমাদের সকলের।

হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলীর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, হাউলী ইউনিয়ন বিএনপির সাবেক সিনিয়র সহসভাপতি সলেমান মল্লিক, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক টুটুল, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক জাকির হোসেন, দামুড়হুদা

উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, উপজেলা যুবদলের সদস্য ইজাজুল, শওকত, যুবদল নেতা ইমতিয়াজ, দামুড়হুদা উপজেলা ছাত্র দলের সাবেক সভাপতি সজল আহাম্মেদ।

দামুড়হুদা উপজেলা যুবদলের সদস্য মমিনুল ইসলাম মমিন এর মনোমুগ্ধকর সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন হাউলী ইউনিয়ন যুবদলের অন্যতম নেতা আরিফুল ইসলাম আরিফ।

এ ছাড়াও আরও উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন ৪নং ওয়ার্ড বিএনপির সহসভাপতি মতিয়ার রহমান মতি, সাধারণ সম্পাদক মিন্টু, ৫নং ওয়ার্ড বিএনপির সভাপতি তরিকুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মহাসিন আলী, ৬নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আব্দুর রসিদ, হাউলী ইউনিয়ন বিএনপির কৃষক দলের সাংগঠনিক সম্পাদক আমিরুল জোয়ার্দার। হাউলী ইউনিয়ন ছাত্র দলের সাংগঠনিক সম্পাদক ফারুক মল্লিক।

এছাড়াও উপস্থিত ছিলেন, ডুগডুগি পূজা মন্ডপের সভাপতি শ্রী শ্যামল ঘোষ, সাধারণ সম্পাদক শ্রী সুমন হালদার। উপস্থিত ছিলেন, শ্রী গোবিন্দ হালদার, শ্রী আনন্দ ঘোষ, শ্রী মদন ঘোষ, শ্রী শ্যাম ঘোষ। স্থানীয় ডুগডুগি বিএনপির শুকুর আলী, নবাবু, শামীম, আতিয়ার, হিরো, মানিক, আলী কদর, সোহেল,জীবন সহ স্থানীয় বিএনপি, যুবদল, ছাত্রদল, স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ।

মুজিবনগরে মন্দির ও গির্জা পরিদর্শন করলেন বিএনপি নেতাকর্মী

মেহেরপুরের মুজিবনগরে সোহার্দ্য ও সম্প্রীতি বজায় রাখতে হিন্দু ও খ্রিষ্টান সম্প্রদায়ের সম্পদ ও উপসনালয়ের নিরাপত্তার লক্ষ্যে মন্দির ও গির্জা পরিদর্শন করেছেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ সহ মুজিবনগর থানা বিএনপি ও এর অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা।

আজ শুক্রবার সকাল ১০টার দিকে মুজিবনগরের বল্লভপুর দাশপাড়ার মন্দির এবং বল্লভপুর ইমানুয়েল চার্চ এবং মন্দিরের সভাপতি মানুদাশ ও ইমানুয়েল চার্চের ফাদার রেভা: মৃত্যুঞ্জয় মন্ডল এর সাথে কথা বলেন এবং সার্বিক খোঁজ খবর নেন। সম্প্রীতি বজায় রাখতে সকল সহযোগিতার আশ্বাস দেন এছাড়াও মন্দির ও গির্জা সহ হিন্দু ও খ্রিষ্টান সম্প্রদায়ের লোকদের নিরাপত্তা দেওয়ার প্রতিশ্রুতি দেন।

গাংনীতে মানববন্ধন অনুষ্ঠিত

“সচেতন, সংগঠিত ও সোচ্চার জনগোষ্ঠীই গণতন্ত্রের রক্ষাকবচ” এই প্রতিপাদ্য নিয়ে ছাত্র- জনতার ঐতিহাসিক বিজয় উৎযাপন ও শান্তি সম্প্রীতি প্রতিষ্ঠার আহবানে গাংনীতে মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বিকাল সাড়ে পাঁচটার সময় গাংনী উপজেলা শহরের বড়বাজার এলাকায় এই মানববন্ধনের আয়োজন করা হয়।

দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর সহযোগিতায় পিএফজি, সুশাসনের জন্য নাগরিক (সুজন) বিকশিত নারী নেটওয়ার্ক, ইয়ুথ এ্যান্ডিং হাঙ্গার ও কন্যা শিশু এ্যাডভোকেসি ফোরাম এই মানববন্ধনের আয়োজন করে।
সুশাসনের জন্য নাগরিক (সুজন) এর মেহেরপুর জেলা শাখার সাধার সম্পাদক সৈয়দ জাকির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধনে বক্তব্য রাখেন, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর গাংনী এরিয়া সমন্বয়ক হেলাল উদ্দিন, গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব আলম, সাংস্কৃতিক কর্মী আজিজুল হক রানু প্রমুখ।

মেহেরপুর আহমেদ আলী টেকনিক্যাল কলেজের প্রভাষক রফিকুল আলম বকুলের সঞ্চালনায় অনুষ্ঠিত মানববন্ধনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুর রাজ্জাক, করমদি ডিগ্রি কলেজের প্রভাষক আবু সাদাদ মোহাম্মদ সায়েম পল্টু, সমাজসেবক আব্দুর রব প্রমুখ।

মানববন্ধনে শিক্ষক, শিক্ষার্থী, সাংবাদিক, সাংস্কৃতিক কর্মীসহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ অংশ নেন।
মানববন্ধনে বক্তারা বলেন, এই দেশ আমাদের সকলের। এই দেশে সহযোগিতা, সহমর্মিতার সাথে এক হয়ে হিন্দু মুসলিম, বৈদ্য খ্রীষ্টান বাস করে আসছি। আমাদের মনে রাখতে হবে আমরা যেনে সকলের তরে সকলে আমরা নীতিতে থাকতে পারি। তিনারা বলেন, কারো বিজয় উৎযাপনের ভাষা যেন সহিংসতা, লুটপাট বা ধ্বংসযজ্ঞ না হয়। কেউ যেনো নিজের হাতে আইন তুলে না নেই। দূর্বৃত্তদের দ্বারা ধর্মীয় ও জাতিগত সংখ্যালঘু সম্প্রদায়সহ আক্রান্তদের রক্ষা করেন ও তাঁদের পাশে দাঁড়ান। প্রাণহানীসহ রাষ্ট্রীয় বা ব্যক্তিগত সম্পদ (বাড়িঘর ও ব্যবসা প্রতিষ্ঠান) ধ্বংসের যে কোনো উদ্যোগ রুখে দাঁড়ান। মন্দিরসহ ধর্মীয় প্রতিষ্ঠানগুলো রক্ষা করতে সবাইকে এগিয়ে আসতে হবে।

ঢাকাস্থ কুষ্টিয়া খ্রীষ্ট্রিয়ান কর্মজীবি সমবায় সমিতির সভাপতি হলেন জেমস স্বপন মল্লিক

ঢাকাস্থ বৃহত্তর কুষ্টিয়া খ্রীষ্ট্রিয়ান কর্মজীবি সমবায় সমিতি ব্যবস্থাপনা কমিটির নির্বাচন সম্পন্ন হয়েছে।

আজ শুক্রবার ঢাকার তেজগাঁওয়ে সমিতির কার্যালয়ে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে ছাতা প্রতীকে ১৬৬ ভোট পেয়ে মেহেরপুরের জেমন স্বপন মল্লিক বাবু সভাপতি নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী এ্যান্টনী এডুওয়ার্ড ম-ল পেয়েছেন চেয়ার প্রতীকে ১১৮ ভোট। এছাড়া বিনাপ্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হয়েছেন সহ-সভাপতি পদে সেরাফিন ম-ল, ট্রেজারার পদে জর্জ সুমন ম-ল, পরিচালক ম-লির সদস্য পদে পঙ্কজ সরকার টুটুল, ভিনসেন্ট বিশ্বাস ও সলিল ম-ল।

নিবার্চন পরিচালনা কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন তেজগাঁজ থানা সমবায় কর্মকর্তা মোহাম্মদ রাজ্জাক উল্লা পাটওয়ারি, সদস্য ঢাকা জেলা সমবায় কার্যালয়ে পরিদর্শক মুন্সী আব্দুল কাউয়ুম ও তেজগাঁও সমবায় অফিসের সহকারী পরিদর্শক মো: হাবিবুর রহমান।

মেহেরপুরে শাখা আবাবিল হজ্ব গ্রুপের শুভ উদ্বোধন

মেহেরপুরে আবাবিল হজ্ব গ্রুপ জেলা শাখার শুভ উদ্বোধন ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

আজ বুধবার (১৭ জুলাই) সন্ধ্যায় মেহেরপুর শহরের সার্কিট হাউজের সামনে এ আবাবিল হজ্ব গ্রুপের শুভ উদ্বোধন করা হয়েছে।

আবাবিল হজ্ব গ্রুপের পরিচালক মাওলানা মোঃ ইসমাইল আল মুজাহিদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে ফিতা কেটে প্রতিষ্ঠানের উদ্ভোধন করেন জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. আব্দুস সালাম।

উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন আবাবিল হজ্ব গ্রুপের চেয়ারম্যান আলহাজ্ব মোঃ আবু ইউসুফ।

এছাড়াও এসময় আবাবিল হজ্ব গ্রুপের উপদেষ্টা হাফেজ মাওলানা হাবিবুর রহমান যুক্তিবাদী, গাংনী আল মদিনা দাখিল মাদ্রাসার সুপার মাওলানা মোঃ জাহাঙ্গীর আলম জিহাদী, কোলা নাটনাপাড়া কেন্দ্রীয় জামে মসজিদের পেশ ইমাম এইচ এম ইব্রাহিম খলিল জিহাদী প্রমুখ উপস্থিত ছিলেন।

এই সময় প্রতিষ্ঠানের সাফল্য কামনা করে দোয়া মোনাজাতের আয়োজন করা হয়।

মেহেরপুরের কুতুবপুরে ঐতিহ্যবাহী মহরমের মেলা অনুষ্ঠিত

মেহেরপুরের কুতুবপুর ইউনিয়নের কুতুবপুর গ্রামে প্রতিবছরের ন্যায় এবারেও মহরমের মেলা অনুষ্ঠিত হয়েছে।

মহররম’ শব্দের অর্থ সম্মানিত। ইসলামের ইতিহাসে এই মাসের সঙ্গে অনেক স্মৃতি জড়িয়ে আছে। এসব স্মৃতির সম্মানার্থে এই মাসকে মহররম বা সম্মানিত বলে আখ্যায়িত করা হয়েছে। কোরআনুল কারিমে রয়েছে, ‘আকাশ ও পৃথিবী সৃষ্টির দিন থেকেই আল্লাহর কাছে মাসের সংখ্যা ১২, এর মধ্যে ৪টি মাস (মহররম, রজব, জিলকদ, জিলহজ) আর মহরম মাসের ১০ তারিখ কে আশুরার দিন বলা হয়েছে।

আশুরা অর্থ দশম তারিখ। ইসলামি পরিভাষায় মহররমের ১০ তারিখকে আশুরা বলা হয়। পবিত্র আশুরা ইসলামের অন্যতম ফজিলতপূর্ণ দিন। সৃষ্টির শুরু থেকে ১০ মহররম তথা আশুরার দিনে অনেক তাৎপর্যপূর্ণ ঘটনা সংঘটিত হয়েছে।
হাসান হুছাইন এই দিনেই কারবালা ময়দানে শহীদ হয়েছিলেন।

সর্বপরি এই দিন কে ঘিরে বছরের পর বছর জাঁকজমকপূর্ণ মেলার আয়োজন করে আসছে এই মেহেরপুরের কুতুবপুর গ্রাম। এই দিনটিকে ঘিরে এই গ্রামের মানুষ জামাই দাওয়াত করে খাওয়া নো সহ এক সময় ভালো মন্দ খাবারের আয়োজন করতেন বলে জানিয়েছেন স্থানীয়রা। তবে তা এখন বিলুপ্তির পথে কিন্তু রয়ে গেছে যুগ যুগ ধরে করে আসা এই মেলা যেখানে মেহেরপুর জেলার বিভিন্ন গ্রামের দর্শনার্থীরা আসেন মেলা উপভোগ করতে। ফাকা জায়গা ভরে বসে পড়ে দোকানপাট, আর সেই দোকানপাটে কেনাকাটায় মগ্ন আছেন বিভিন্ন এলাকা থেকে আগত দর্শনার্থীরা এ যেন পা ফেরা মত জায়গাও ফাকা নেই।এছাড়াও ছোট ছোট বাচ্চা দের বিনোদন জন্য রয়েছে নাগরদোলা ।

স্থানীয় দের মধ্যে থেকে সাঈদ হোসেন জানান আমার বয়স ২৮ বছরে আমি বুদ্ধি হয়ে দেখে আসছি এই মেলা এবং বাবা দাদাদের মুখেও শুনেছি এই দিনটি পালন করে আসছেন অনেক আগে থেকেই।

কুতুবপুর গ্রামের করিম মিয়া বলেন এই মেলা আমাদের গ্রামকে পরিচিত

করে তোলে। এবং এই মেলা কে ঘিরে জেলার বিভিন্ন প্রান্তে থেকে আমাদের গ্রামে পদার্পণ করেন বিভিন্ন দোকান পাটে বোরে উঠে তরুন ছেলেরাও এটি উপভোগ করে যা আমাদের ভালো লাগে।

জাফর ইকবাল জানান আমি এসেছি গাংনী থেকে এই ছেলে মেয়ে নিয়ে ঘুরতে এর আগেও অনেক এসেছি এই গ্রামের মেলা দেখতে তবে এবারের মেলাটি অনেক জাকজমক হয়েছে আমাদের বভালো লাগছে। প্রতি বছরেই এই মেলার আয়োজন করুক এই গ্রামের মানুষ সেই প্রত্যাশা করছি।

মেহেরপুরে রথযাত্রা উৎসব অনুষ্ঠিত

মেহেরপুরে সনাতন ধর্মবিশ্বাসীদের অন্যতম ধর্মীয় উৎসব শ্রীশ্রী জগন্নাথ দেবের রথযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (৭ জুলাই) বিকাল পাঁচটার দিকে সনাতনী রীতি অনুযায়ী এ রথযাত্রা শুরু হয়। মেহেরপুর শহরের হরিসভা মন্দিরের সামনে থেকে শুরু হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে রথযাত্রাটি একই স্থানে গিয়ে শেষ হয়।

হিন্দু ধর্মের অনুসারীরা এ সময় শ্রী জগন্নাথ দেবের জয় গান করেন। শিশু থেকে শুরু করে বৃদ্ধ বয়সের ধর্মানুসারীরা রথযাত্রায় অংশগ্রহণ করে। এর পূর্বে মন্দিরে পূজা-আর্চনা আয়োজন করা হয়।

রথযাত্রা শেষে অনুসারীদের প্রসাদ বিতরণ করা হয়।

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted] [redacted]

[redacted] [redacted] (№ [redacted]) [redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted]

В [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted]

ঝিনাইদহে আদিবাসী ফোরামের সম্মেলন অনুষ্ঠিত

ঝিনাইদহে আদিবাসী ফোরামের সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার দুপুরে শহরের ফ্যামিলি জোন কমিউনিটি সেন্টারে সদর উপজেলা আদিবাসী ফোরামের আয়োজনে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ আদিবাসী ফোরাম সদর উপজেলা শাখার আহকবায়ক স্বপন কুমার বাগদীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও বাংলাদেশ পূজা উদযাপন পরিষদের কেন্দ্রীয় নেতা কনক কান্তি দাস।

বিশেষ অতিথি হিসাবে ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, জেলা হিন্দু বৌদ্ধ খৃষ্টান ঐক্য পরিষদের সভাপতি নারায়ন চন্দ্র বিশ্বাস, বীর মুক্তিযোদ্ধা তাহাজ উদ্দিন আহমেদ, বাংলাদেশ আদিবাসী ফোরামের সহ-সাধারণ সম্পাদক গজেন্দ্রনাথ মাহাতো, আদিবাসী ফোরামের জেলা সভাপতি অসিত কুমার বিশ্বাস সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এতে সদর উপজেলার ৪৩টি গ্রামের আদিবাসী প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

জীবননগরে ঈদুল আযহা উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা

জীবননগর পৌর কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে আগামী ঈদুল আযহা উদযাপন উপলক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকাল ১০ টার সময় পৌর কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন ঈদগাহ কমিটির সভাপতি আবু মোঃ আব্দুল লতিফ অমল।

ঈদগাহ কমিটির সকল সদস্যের উপস্থিতিতে আগামী ঈদুল আজহার নামাজ সকাল ৮ টার সময় অনুষ্ঠিত হবে বলে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এছাড়া ঈদগাহ কমিটির সাধারণ সম্পাদক আব্দুস সালাম ইশা বাৎসরিক আয় ব্যয়ের হিসাব উপস্থাপন করেন এবং ঈদগাহ কমিটির তিনজন সদস্য এবার হজ পালনের উদ্দেশ্যে সৌদি আরব যাচ্ছেন, এই তিন জন সদস্যের জন্য কমিটির সকল সদস্যগণ দোয়া করেন দোয়া পরিচালনা করেন কমিটির সদস্য হাজির আব্দুল মজিদ।

সভায় আর কোন এজেন্ডা না থাকায় সভাপতি সভার কার্য সমাপ্ত ঘোষণা করেন।